File No.Z-12013(11)/3/2020-ZP


# দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

নব প্রশাসনিক ভবন (৩য় তল)

১২ বিপ্লবী কানাই ভট্টাচার্য সরণী, আলিপুর, কলিকাতা - ৭০০০২৭

Phone : Office : 2479 – 1385 / 8998 • Sabhadhipati : 2479 – 1738 • Sahakari Sabhadhipati : 2479 – 8762 • Addl. Ex. Officer : 2479 – 1096


স্মারক নং :- ৭৯২ /জেড.পি/পুষ্করিণী/পুনর্নিলাম-২/২৩ তারিখ :- ১১/০৪/২০২৩

## পুনর্নিলাম-২ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো হচ্ছে যে, সংযোজিত তালিকায় বর্ণিত পুষ্করিণী / পুষ্করিণী সংলগ্ন জমিগুলি উল্লেখিত তারিখে জেলা পরিষদ কার্যালয়ে বেলা ২টায় লাইসেন্সের মাধ্যমে পার্শ্বেবর্ণিত মেয়াদের ইজারা বন্দোবস্ত দেবার উদ্দেশ্যে প্রকাশ্য পুনর্নিলাম-২ অনুষ্ঠিত হবে। পুষ্করিণী / পুষ্করিণী সংলগ্ন জমির ক্ষেত্রে নুন্যতম ডাকের বাৎসরিক ইজারামূল্য সংযোজিত তালিকা ২-এ উল্লেখ করা হয়েছে।

ক) নিলাম / পুনর্নিলাম-২-এ অংশগ্রহণের যোগ্যতা ঃ

১) জেলার স্থায়ী অধিবাসী ও জেলায় অবস্থিত বিধিবদ্ধ পার্টনারশিপ ফার্ম, কোম্পানী, সমবায় সমিতি, আনন্দধারা অন্তর্ভুক্ত স্বনির্ভরগোষ্ঠী, স্বীকৃত Fish Production Group বা Fish Farmer's Production Co-operative ডাকে অংশগ্রহণ পারবেন।

২) পুনর্নিলাম-২-এর বিজ্ঞপ্তি প্রকাশিত হইবার পর পুনর্নিলাম-২-এ অংশগ্রহণের ইচ্ছুক ব্যাক্তি পুনর্নিলাম-২-এর জন্য ধার্য্যকৃত নির্দিষ্ট দিনে বেলা ১২টার মধ্যে আবেদন পত্র ও যোগ্যতার সপক্ষে প্রমান পত্রের প্রত্যায়িত নকল কপি পুনর্নিলাম-২ টেবিলে উল্লেখিত স্থানে জমা দিতে হবে। প্রকাশ থাকে যে, পুনর্নিলাম-২-এর সময় পুনর্নিলাম-২ কক্ষে জমাকৃত সমস্ত কাগজ পত্রের Original Copy দাখিল করতে হবে।

৩) ইচ্ছুক ডাকদাতা / ডাকদাতা সংস্থাকে পুনর্নিলাম-২ ডকের পূর্বে উল্লেখিত পুষ্করিণী / পুষ্করিণী সংলগ্ন জমিগুলোর জন্য ডাকের নিম্নতম বার্ষিক ইজারামূল্য "AEO, South 24 Paraganas Zilla Parishad"-এর নামে যে কোন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের কোলকাতা শাখায় ভাঙ্গানো যাবে এমন "ব্যাঙ্ক ড্রাফ্‌ট" পুনর্নিলাম-২-এর প্রারম্ভে নিলাম কক্ষে জমা করতে হবে। নচেৎ উক্ত পুনর্নিলাম-২-এ অংশগ্রহণ করতে পারবে না।

৪) আবেদনের সঙ্গে বৈধ আয়কর, বিক্রয়কর, ট্রেড লাইসেন্স সংক্রান্ত সার্টিফিকেট পেশ করতে হবে। কোম্পানী, সমবায় সমিতি, আনন্দধারা অন্তর্ভুক্ত স্বনির্ভরগোষ্ঠী, Fish Production Group বা Fish Farmer's Production Co-operative -র ক্ষেত্রে রেজিষ্ট্রেশন সার্টিফিকেট জমা দিতে হবে।

৫) দরখাস্তের সঙ্গে নির্দিষ্ট বয়ানে (তালিকায় সংযোজিত) ১০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে নোটারী প্রত্যায়িত হলফনামা জমা দিতে হবে।

৬) প্রত্যেক বৈধ অংশগ্রহণকারী অথবা তাঁর বা তাঁদের অনুপস্থিতিতে তাঁর বা তাঁদের মনোনীত একজন প্রতিনিধি তৎসহ প্রাধিকার অর্পণ পত্র (Authorized letter) সহ নিলাম কক্ষে উপস্থিত থাকিয়া পুনর্নিলামে অংশগ্রহণ করবেন।

খ) <u>নিলাম / পুনর্নিলাম-২-এ অংশগ্রহণের অযোগ্যতা</u> ঃ

১) পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন ১৯৭৩ (এর রূল নং - ১৪২ সি) অনুযায়ী ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ব্যবসায়িক সম্পর্কযুক্ত কোনো ব্যাক্তি বা সংস্থা অথবা আধিকারিক বা কর্মী অথবা কোনো অংশীদারী সংস্থার সঙ্গে যুক্ত অথবা জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি বা গ্রামপঞ্চায়েতের সঙ্গে সংস্থাগতভাবে সম্পর্কিত কোন ব্যাক্তি বা সংস্থা।

২) যদি প্রমানিত হয় যে আবেদনকারী ইতিপূর্বে জেলা পরিষদের কোনো পুষ্করিণী / পুষ্করিণী সংলগ্ন জমির বিনা রাজস্বে ও অবৈধ ভাবে ভোগদখল করেছেন।

৩) আর্থিক ভাবে 'ইনসলভেন্ট' ঘোষিত হলে।

৪) ইতিপূর্বে জেলা পরিষদ দ্বারা প্রাপ্ত কোনো দায়িত্ব পালনে শর্ত ভঙ্গ হয়ে থাকলে।

৫) অসম্পূর্ণ অথবা ভুল তথ্য দেওয়া হলে।

৬) উপরে উল্লিখিত 'ক' অনুচ্ছেদে বর্ণিত যোগ্যতাবলীর অধিকারী না হয়ে থাকলে।

৭) পুনর্নিলাম-২-এ অংশগ্রহনকারী প্রথম ও দ্বিতীয় ডাকদাতা বিবেচিত হওয়ার পর ডাকের টাকা জেলা পরিষদে নির্দিষ্ট দিনে জমা দিতে অসমর্থ হলে সেই সময় থেকে পরবর্তী পাঁচ বছর পর্যন্ত তিনি / সেই সংস্থা তাঁদের নিলামে অংশগ্রহনের আবেদন মঞ্জুর হইবে না।

গ) <u>শর্তাবলী</u> ঃ

১) ইচ্ছুক ডাকদাতা / ডাকদাতা সংস্থাকে পুনর্নিলাম-২ ডাকের পূর্বে উল্লেখিত পুষ্করিণী / পুষ্করিণী সংলগ্ন জমির জন্য নির্ধারিত বাৎসরিক ইজারামূল্যের অর্থ ব্যাঙ্ক ড্রাফ্‌টের মাধ্যমে প্রত্যেক ডাকদাতাকে অবশ্যই পুনর্নিলাম-২-এর প্রারম্ভে পুনর্নিলাম কক্ষে জমা করতে হবে। নচেৎ উক্ত পুনর্নিলাম-২-এ অংশগ্রহণ করতে পারবে না। সর্বোচ্চ ডাকদাতা ও দ্বিতীয় সর্বোচ্চ ডাকদাতা ব্যতিরেকে বাকী ডাকদাতাগণের ব্যাঙ্ক ড্রাফ্‌ট পুনর্নিলাম-২ অন্তে উক্ত দিনেই ফেরৎ দেওয়া হবে। উল্লেখ থাকে যে, উক্ত ইজারামূল্যের টাকা "AEO, South 24 Paraganas Zilla Parishad"-এর নামে যে কোন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের কোলকাতা শাখায় ভাঙ্গানো যাবে এমন "ব্যাঙ্ক ড্রাফ্‌ট"-এর মাধ্যমে পরিষদের নামে জমা করতে হবে।

২) পুনর্নিলাম-২-এর ক্ষেত্রে অন্ততঃ দুই জন ডাকদাতার উপস্থিতি ছাড়া পুনর্নিলাম-২ সম্পূর্ণ করা যাবে না এবং সেক্ষেত্রে উক্ত পুষ্কনিণী / পুষ্করিণী সংলগ্ন জমি আবার পুনর্নিলাম-২ হবে।

৩) পুনর্নিলাম-২-এর ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত ডাক হলে নূন্যতম ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০,০০১/- (পঁঞ্চাশ হাজার এক) থেকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মধ্যে ডাক হলে নূন্যতম ১০০০/- (এক হাজার) টাকা, ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার বেশি ডাক হলে নূন্যতম ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বাড়িয়ে ডাকদাতাগণকে প্রতিবার ডাক দিতে হবে।

৪) সংশ্লিষ্ট পুষ্করিণী / পুষ্করিণী সংলগ্ন জমির পুনর্নিলাম-২-এর সর্বোচ্চ ডাকদাতা বা ডাকদাতা সংস্থাকে পুনর্নিলাম-২-এর সমাপ্তি ঘোষিত হওয়ার পর ডাকের সম্পূর্ণ ইজারামূল্যের অবশিষ্ট টাকা ডাকের ঐদিনে অথবা উক্ত দিনের পর দুইটি কাজের দিনের বিকাল ৩ টার মধ্যে ব্যাঙ্ক ড্রাফ্‌ট-এর মাধ্যমে "AEO, South 24 Paraganas Zilla Parishad"-এর নামে (যা কলকাতাস্থিত রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের যে কোনও শাখায় ভাঙ্গানো যাবে) জেলা পরিষদে জমা দিতে হবে। সম্পূর্ণ টাকা এইরূপে মিটিয়ে দিতে না পারলে অনুরূপ ভাবে ২য় সর্বোচ্চ ডাকদাতা বা ডাকদাতা সংস্থাকে তার ডাকের অবশিষ্ট টাকা পরবর্তী দুইটি কাজের দিনের বিকেল ৩ টার মধ্যে জমা দিয়ে পুষ্করিণী / পুষ্করিণী সংলগ্ন জমির ইজারা নেওয়ার সুযোগ দেওয়া হবে। প্রথম ডাকদাতার ডাকের অবশিষ্ট অর্থ নির্দিষ্ট সময়ে জমা করতে ব্যর্থ হলে দ্বিতীয় সর্ব্বোচ্চ ডাকদাতা নিজ দায়িত্বে ও নিজ তাগিদে তার ডাকের অবশিষ্ট অর্থ পরবর্তী দুইটি কাজের দিনের মধ্যে জমা করবে। এক্ষেত্রে পরিষদ কোন ভাবেই তাকে খবর দিতে বাধ্য থাকবে না এবং দ্বিতীয় সর্বোচ্চ ডাকদাতা নির্দিষ্ট সময়ের টাকা জমা দিতে না পারলে এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা নিলাম কমিটির থাকবে অথবা যদি উক্ত পুষ্করিণী / পুষ্করিণী সংলগ্ন জমিটির পুনর্নিলাম-২-এর প্রয়োজন দেখা দেয় তবে ১ম ও ২য় ডাকদাতা ব্যতিরেকে বাকী ডাকদাতাদের পুনর্নিলাম-২-এ অংশগ্রহণ করতে দেওয়া হবে।

৫) ক) সর্বোচ্চ ডাকদাতা সংস্থা সমুদয় টাকা উল্লিখিত শর্তানুযায়ী জমা দিতে না পারলে ডাকদাতা / সংস্থার জমা রাখা বাৎসরিক ইজারামূল্য বাজেয়াপ্ত হয়ে যাবে। অনুরূপভাবে দ্বিতীয় সর্বোচ্চ ডাকদাতা / সংস্থার ক্ষেত্রেই একই নিয়ম প্রযুক্ত হবে।

খ) পুনর্নিলাম-২-এর সময় যদি একজন ডাকদাতা উপস্থিত থাকেন এবং জেলা পরিষদ যদি উক্ত দিনে কোন সিদ্ধান্ত না গ্রহণ করে থাকে তবে পুনরায় যদি পুনর্নিলাম-২ হয় সেক্ষেত্রে উক্ত ব্যক্তি অংশগ্রহণ করতে পারবে।

৬) প্রথম ও দ্বিতীয় উভয় ডাকদাতাই অসমর্থ হলে পুষ্করিণী / পুষ্করিণী সংলগ্ন জমির ইজারা বন্দোবস্ত সংক্রান্ত সিদ্ধান্ত জেলা পরিষদ যথাসময়ে গ্রহণ করবে এবং এই সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে পুনর্নিলাম-২-এ অংশগ্রহণকারী ব্যক্তি বা সংস্থার কোন দাবী বা আবেদন গ্রাহ্য হবে না ।

৭) জেলা পরিষদের দ্বারা মনোনীত নিলাম কমিটি পুনর্নিলাম-২-এ প্রদত্ত দর ও সংযোজিত নথীসমূহ লিপিবদ্ধ করবেন ও জেলা পরিষদের কাছে পেশ করবেন যাতে জেলা পরিষদ অন্তিম সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে ।

৮) ইজারাদার প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পুষ্করিণী / পুষ্করিণী সংলগ্ন জমির পুণঃবন্দোবস্ত দিলে অথবা এই নোটিশে বর্ণিত কোনো শর্ত ভঙ্গ বা অমান্য করে ডাকে অংশ নিয়ে ইজারা লাভ করলে ইজারা বাতিল ও দখলনামা প্রত্যাহার করে নেবার ক্ষমতা জেলা পরিষদের থাকবে । এক্ষেত্রে ডাকের জমা অর্থ সম্পূর্ণরূপে বাজেয়াপ্ত করার ক্ষমতা জেলা পরিষদের থাকবে ।

৯) ইজারা দান সংক্রান্ত বিবাদ মীমাংসা জেলা পরিষদের সংশোধিত উপবিধি ২০১৪ অনুযায়ী সকল পক্ষের ক্ষেত্রে প্রযোজ্য ও কার্যকর হবে ।

১০) পুনর্নিলাম-২-এর সময় থেকে ইজারার মেয়াদকালের মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত আদালতের অন্তবর্তী বা চূড়ান্ত আদেশনামা জারী হলে, তা কার্যকর করার ক্ষেত্রে ইজারাদার জেলা পরিষদের উপর কোনো আর্থিক দায়ভার / ক্ষতিপূরণ চাপাতে পারবে না ।

১১) মেয়াদকাল শেষ হবার পূর্বে বিশেষ পরিস্থিতিতে জেলা পরিষদ মেয়াদসীমা হ্রাস অথবা বন্দোবস্ত প্রত্যাহার করে নিতে পারবে এবং এক্ষেত্রে বাকী সময়ের জন্য ইজারা মূল্য আনুপাতিক হারে জেলা পরিষদ ফেরত দেবে ।

১২) পুনর্নিলাম-২ সংক্রান্ত যে কোন বিষয়ে নিলাম কমিটির গৃহিত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে ।

১৩) নিলাম / পুনর্নিলাম-২-এ অংশগ্রহণের প্রয়োজনীয় কাগজপত্র:-

ক) Application in proper format.
খ) Affidavit in given format on Rs. 10/- Non Judicial Stamp Pater with Notary Public.
গ) প্যান কার্ড এবং আধার কার্ড-এর স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি ।
ঘ) আয়কর (Income Tax) জমার স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি ।
} কোম্পানি বা সমবায় সমিতির ক্ষেত্রে প্রযোজ্য ।
ঙ) আনন্দধারা'র অন্তর্ভুক্ত স্বনির্ভরগোষ্ঠী এবং FPG / FFPC গোষ্ঠীগুলির প্রয়োজনীয় রেজিস্ট্রেশন সার্টিফিকেট ।

সংযোজনী : - '১'

**হলফনামার বয়ান ঃ**

আমি ______________________, বয়স ________ বছর, পিতা ______________________, স্থায়ী বাস-গ্রাম ______________, পো:- ______________, থানা - ______________, জেলা ______________, বর্তমান নিবাস-গ্রাম ______________, পো:- ______________, থানা - ______________, জেলা ______________, পেশা ______________, ধর্ম ____________, ব্যক্তিগত ভাবে এবং ______________________________ (সংস্থার নাম)-এর দায়িত্ব প্রাপ্ত পদাধিকারী ______________________ (যে যে পদে আসীন) রূপে. সজ্ঞানে ঘোষনা করিতেছি যে, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদের স্মারক নং - ৭৯২/জেড.পি/পুষ্করিণী/পুনর্নিলাম-২/২৩, তারিখ ২১/০৪/ ২০২৩-এর অধীন প্রকাশিত পুনর্নিলাম-২ বিজ্ঞপ্তির 'ক', 'খ' ও 'গ' অনুচ্ছেদ সমূহের অধীনে বর্ণিত বিষয় ও শর্তাবলী পাঠ করিয়াছি ও ইহার মর্মার্থ অনুধাবন করিয়াছি। কবুল করিতেছি যে, আমি ও আমার সংস্থা পুনর্নিলাম-২-এ অংশগ্রহণের জন্য এবং ইজারার জন্য নির্বাচিত হইলে তাহা লাভের জন্য প্রয়োজনীয় সকল যোগ্যতার অধিকারী এবং কোনোভাবেই ইহার অযোগ্য নহি ও নহে। একইসঙ্গে এই মর্মে অঙ্গীকার করিতেছি, ইজারা লাভ করিলে আমি ও আমার সংস্থা উক্ত পুনর্নিলাম-২ বিজ্ঞপ্তির সকল শর্ত যে কোনো পরিস্থিতিতে যথাযথ মানিয়া চলিতে বাধ্য থাকিব ও থাকিবে। ভবিষ্যতে আমি ও আমার সংস্থা প্রদত্ত কোনো তথ্য অসম্পূর্ণ বা ভুল প্রমানিত হইলে, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ দখলনামা খারিজ করিয়া আমার বা আমার সংস্থার বিরুদ্ধে আর্থিক ক্ষতিপূরণ আদায় করিতে পারিবে।

উপরিউক্ত বিবৃতি সমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

______________________ স্থানে, ______________________ তারিখে ______________

সাক্ষী :

সাক্ষর করিলাম :

নাম ঠিকানা সাক্ষর

১.

২.

File No.Z-12013(11)/3/2020-ZP

স্মারক নং :- ৭৯২/১(১৮)/জেড.পি/পুষ্করিণী/পুনর্নিলাম-২/২৩ তারিখ : ১৮/০৪/২০২৩

প্রতিলিপি অবগতি ও প্রচারের জন্য প্রেরিত হ'ল :

১) যুগ্ম সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর।

২) সহকারী সভাধিপতি, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ।

৩) সচিব, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ।

৪) জেলা বাস্তকার, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ।

৫) অর্থ নিয়ামক ও প্রধান গাণণিক আধিকারিক, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ।

৬) জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ।

৭) ____________, নিলাম কমিটির সদস্য / সদস্যা। পুনর্নিলাম-২-এর দিনগুলিতে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

৮) জেলা পরিষদের সদস্য / সদস্যাগণ এবং পরিষদের কর্মাধ্যক্ষগণ, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ।

৯) মহকুমা শাসক, ক্যানিং / কাকদ্বীপ / ডায়মন্ড হারবার / বারুইপুর / আলিপুর সদর, দক্ষিণ ২৪ পরগণা।

১০) সভাপতি, ____________ পঞ্চায়েত সমিতি, দক্ষিণ ২৪ পরগণা।

১১) সমষ্টি উন্নয়ন আধিকারিক ও নির্বাহী আধিকারিক, ____________ পঞ্চায়েত সমিতি, দক্ষিণ ২৪ পরগণা। (আপনার আওতাধীন সকল থানা ও সকল গ্রাম পঞ্চায়েত এবং জেলা পরিষদের সকল সদস্য/সদস্যা-কে অবহিত করার অনুরোধ করা হল)।

১২) ভারপ্রাপ্ত আধিকারিক, ____________, থানা দক্ষিণ ২৪ পরগণা

১৩) জেলাশাসকের অফিস নোটিশ বোর্ড।

১৪) জেলা পরিষদের অফিস নোটিশ বোর্ড।

১৫) সভাধিপতি / জেলা শাসক-এর আপ্ত সহায়ক।

১৬) *প্রধান, ____________ গ্রাম পঞ্চায়েত, দক্ষিণ ২৪ পরগণা। আপনার পঞ্চায়েতে অবস্থিত পুষ্করিণী / পুষ্করিণী সংলগ্ন জমির (২০২৩ - ২০২৬) তিনটি আর্থিক বছরের পুনর্নিলাম-২ বিজ্ঞপ্তিটির প্রতিলিপি জনগণের স্বার্থে টাঙ্গানোর জন্য আপনাকে অনুরোধ করা হল।

১৭) DIO, NIC, South 24 Praganas জেলার ওয়েবসাইটে (s24pgs.gov.in) বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণ করুন।

১৮) জেলা তথ্য বিশ্লেষক - জেলা পরিষদ zps24pgs.wb.gov.in ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণ করুন।।

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ

# পুষ্করিণী ও জমির পুনর্নিলাম-২-এর তালিকা (২০২৩ - ২৬)

সংযোজনী - ২

File No.Z-12013(11)/3/2020-ZP

| ক্রমিক নং | পুষ্পরিণীর / চাষের জমির নাম | পঞ্চায়েত সমিতি / থানার নাম | গ্রাম পঞ্চায়েতের নাম | সম্পত্তির বিবরণ | নূন্যতম বাৎসরিক ইজারা মূল্য ব্যাঙ্ক ড্রাফ্ট-এর মাধ্যমে নিয়ে আসতে হবে | ইজারার মেয়াদ | আবেদনপত্র জমা দেওয়া শেষ তারিখ ও স্থান | পুনর্নিলামের তারিখ | পুনর্নিলামের সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | দক্ষিণ আক্রাবেড়িয়া ট্যাঙ্ক | কুলপি | চন্ডীপুর | মৌজা - দক্ষিণ আক্রাবেড়িয়া , জে.এল. নং- ১৬৮, খতিয়ান - ২৪৪ (আর.এস), দাগ নং - ৮৭৫,৮৭৬, ১৪৩০,১৪৩৫,২৪৪০,১৪৫২, পরিমান - ১.২৬ একর | ৪৪০০ টাকা | ০১/০৫/২০২৩ হইতে ৩১/০৩/২০২৬ পর্যন্ত | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ২ | নামখানা ল্যান্ড | নামখানা | নামখানা | মৌজা - নামখানা, জে.এল. নং - ৫০, খতিয়ান - ১৭৫ (আর.এস), দাগ নং - ১১৮৪.১১৮৭, পরিমান - ১.৭২ একর | ১৪৪১০ টাকা | ০১/০৫/২০২৩ হইতে ৩১/০৩/২০২৬ পর্যন্ত | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ৩ | মনোহরপুর ট্যাঙ্ক | কুলপী | রামকিশোর | মৌজা - মনোহরপুর, জে.এল. নং - ১৪, খতিয়ান - দাগ নং - ৫১৮,৫২২ ও ৫৩৮,৫৩৯, পরিমান - ১.৭৪ একর | ১০৪৫০ টাকা | ০১/০৫/২০২৩ হইতে ৩১/০৩/২০২৬ পর্যন্ত | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ৪ | হারাধনপুর ট্যাঙ্ক | সাগর | দাসপাড়া সুমতিনগর | মৌজা - হারাধনপুর, জে.এল. নং - ২০, খতিয়ান নং - ৫৬ (আর.এস), দাগ নং - ৯৬, পরিমান - ২.৬৬ একর | ২৭৫০০ টাকা | ০১/০৫/২০২৩ হইতে ৩১/০৩/২০২৬ পর্যন্ত | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ৫ | ঈশ্বরীপুর ট্যাঙ্ক | ফলতা | বেলসিংহ - ১ | মৌজা - ঈশ্বরীপুর, জে.এল. নং - ২৫, খতিয়ান - দাগ নং - ৪৬৭,৪৬৮, পরিমান - ১.০০ একর | ৯১৭০ টাকা | ০১/০৫/২০২৩ হইতে ৩১/০৩/২০২৬ পর্যন্ত | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ৬ | গঙ্গাজোয়ারা ল্যান্ড | সোনারপুর | সোনারপুর | মৌজা - গোরখাড়া, জে.এল. নং - ২২, খতিয়ান - দাগ নং - ৬২ (সি.এস), পরিমান - ৮৭ বর্গফুট | ৪১৮০ টাকা | ০১/০৫/২০২৩ হইতে ৩১/০৩/২০২৬ পর্যন্ত | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ৭ | হরিশংকরপুর ল্যান্ড | মগরাহাট - ১ | মগরাহাট পূর্ব | মৌজা - হরিশংকরপুর, জে.এল. নং - ১২৩/১৪৭, খতিয়ান - ১০০, দাগ নং - ৬৪০৬, পরিমান - ০.০৩ একর | ৮৮০ টাকা | ০১/০৫/২০২৩ হইতে ৩১/০৩/২০২৬ পর্যন্ত | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

C:\Backup Babita\G\Babita_Backup\DESKTOP\Revenue Section\Tank & Land\Punar Nilam - 2 Table Beng. (2023 - 26) 17.04.23 (10.04.23).doc

# পুষ্করিণী ও জমির পুনর্নিলাম-২-এর তালিকা (২০২৩ - ২৬)

| ক্রমিক নং | পুস্পরিণীর / চাষের জমির নাম | পঞ্চায়েত সমিতি / থানার নাম | গ্রাম পঞ্চায়েতের নাম | সম্পত্তির বিবরণ | নূন্যতম বাৎসরিক ইজারা মূল্য ব্যাঙ্ক ড্রাফ্ট-এর মাধ্যমে নিয়ে আসতে হবে | ইজারার মেয়াদ | আবেদনপত্র জমা দেওয়া শেষ তারিখ ও স্থান | পুনর্নিলামের তারিখ | পুনর্নিলামের সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৮ | দক্ষিণ নারায়ণতলা | বাসন্তী | উত্তর মোকামবেড়িয়া | মৌজা - দক্ষিণ নারায়ণতলা, জে.এল. নং - ১২৭, খতিয়ান নং - ১৮৪ (আর.এস), দাগ নং - ২৬১ থেকে ২৬৪, পরিমান - ৩.৩১ একর | ৪৮০০ টাকা | ০১/০৫/২০২৩ হইতে ৩১/০৩/২০২৬ পর্যন্ত | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ৯ | নেত্রা ট্যাঙ্ক | ক্যানিং - ২ | সারেঙ্গাবাদ | মৌজা - নেত্রা, জে.এল. নং - ২৭, খতিয়ান নং - ৪২১ (সি.এস), দাগ নং - ৭৫৯,৭৬০,৭৬২, ৭৬৩,৬৩৩, ১১০৫,১১০৭, পরিমান - ০.৮২ একর | ৯৯০০ টাকা | | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ১০ | পিপুলাট | ডায়মন্ড হারবার - ২ | মাথুর | মৌজা - পিপুলাট, জে.এল. নং - ৩৭, খতিয়ান - ৭৪৫ (আর.এস), দাগ নং - ৩৭৩, পরিমান - ১.৭৪ একর | ৯৬৮০ টাকা | | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ১১ | হটিরামপুর | কুলপী | রামনগর গাজীপুর | মৌজা - হটিরামপুর, জে.এল. নং - ১৪০, ১৬৮, খতিয়ান নং - ২৪৩ (আর.এস), দাগ নং - ৬৭৬, পরিমান - ১.৬৭ একর | ১৫৪০০ টাকা | | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ১২ | দক্ষিণ চন্দ্রনগর ট্যাঙ্ক | নামখানা | হরিপুর | মৌজা - দক্ষিণ চন্দ্রনগর, জে.এল. নং - ৫৯/৯, খতিয়ান নং - (সি.এস), দাগ নং - ১২২২ ও ১৮২৪, পরিমান - ১.৭২ একর | ৬০০০ টাকা | | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ১৩ | দক্ষিণ রায়পুর ট্যাঙ্ক | পাথরপ্রতিমা | দক্ষিণ রায়পুর | মৌজা - দক্ষিণ রায়পুর, জে.এল. নং - ১১৫/১৫, খতিয়ান নং - ৭৮৭,২৭৭৭ (আর.এস), দাগ নং - ১২৯৭,১২৯৮, পরিমান - ০.৮৭ | ৪৮৪০ টাকা | | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ১৪ | মেহেরপুর ট্যাঙ্ক | পাথরপ্রতিমা | শ্রীনারায়ণপুর পর্ণচন্দ্রপুর | মৌজা - মেহেরপুর, জে.এল. নং - ১০৪/৭, খতিয়ান নং - ২০৪ (আর.এস), দাগ নং - ৪৮, ৪৯, পরিমান - ২.৪৬ একর | ৬৬০০ টাকা | | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

# পুষ্করিণী ও জমির পুনর্নিলাম-২-এর তালিকা (২০২৩ - ২৬)

| ক্রমিক নং | পুষ্পরিণীর / চাষের জমির নাম | পঞ্চায়েত সমিতি / থানার নাম | গ্রাম পঞ্চায়েতের নাম | সম্পত্তির বিবরণ | ন্যূনতম ব্রাৎসরিক ইজারা মূল্য ব্যাঙ্ক ড্রাফ্ট-এর মাধ্যমে নিয়ে আসতে হবে | ইজারার মেয়াদ | আবেদনপত্র জমা দেওয়া শেষ তারিখ ও স্থান | পুনর্নিলামের তারিখ | পুনর্নিলামের সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৫ | কমলপুর ট্যাঙ্ক | সাগর | রুদ্রনগর | মৌজা - কমলপুর, জে.এল. নং - ২৫, খতিয়ান নং - ৫০৭ (আর.এস), দাগ নং - ৭৭৫,৭৭৯,৩১০৭,৩১১৮, পরিমান - ১.৭০ একর | ৮৫০০ টাকা | ০১/০৫/২০২৩ হইতে ৩১/০৩/২০২৬ পর্যন্ত | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে । | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ১৬ | ঝিকুরবেড়িয়া ট্যাঙ্ক এ্যান্ড ল্যান্ড | বিষ্ণুপুর - ২ | বাখরাহাট | মৌজা - ঝিকুরবেড়িয়া, জে.এল. নং - ৯, খতিয়ান নং - ৮২১, দাগ নং - ৩৪৩/৪১২, পরিমান - ০১ একর | ৩৪১০০ টাকা | | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে । | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ১৭ | পাচঁ গাঁ সিংবেড়িয়া ল্যান্ড | ডায়মন্ড হারবার - ১ | বাসুলডাঙ্গা | মৌজা - পাচঁ গাঁ সিংবেড়িয়া, জে.এল. নং - ১৩৩, খতিয়ান -১০৫৫ (আর.এস), দাগ নং - ২১৯২ (এল.আর), পরিমান - ০.৮৫ একর | ২৭১৮ টাকা | | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে । | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ১৮ | হেদিয়া ট্যাঙ্ক | ক্যানিং - ২ | সারেঙ্গাবাদ | মৌজা - হেদিয়া, জে.এল. নং - ২৬, খতিয়ান নং - ৫৯৩ (সি.এস) , দাগ নং- ১৬৩৪, ১৬৩৫, পরিমান -২.৬৩ একর | ৯৬৮০ টাকা | | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে । | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ১৯ | নৈনান ট্যাঙ্ক | ডায়মন্ড হারবার - ২ | কলাতলাহাট | মৌজা - নৈনান, জে.এল. নং - ৪, খতিয়ান নং - ৪৪৮, ৫০৩ (আর.এস), দাগ নং - ৩৯৬, ৩৯৭, পরিমান - ২.৬২ একর | ৩৮৫০ টাকা | | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে । | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ২০ | শিমূলবেড়িয়া ট্যাঙ্ক ল্যান্ড | কুলপি | কুলপি | মৌজা - শিমূলবেড়িয়া, জে.এল. নং - ২৫৬/১৭৮, খতিয়ান - (সি.এস), দাগ নং - ১৬৯১, পরিমান - ১.৭২ একর | ৩৬৩০ টাকা | | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে । | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ২১ | লেবুখালী | বাসন্তী | ফুলমালঞ্চ | মৌজা - লেবুখালী, জে.এল. নং -৬৫, খতিয়ান নং - ২০৪ (আর.এস) , দাগ নং- ৬২৬, ৬২৭, পরিমান -২.৪০ একর | ৭১৫০০ টাকা | | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে । | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

# পুষ্করিণী ও জমির পুনর্নিলাম-২-এর তালিকা (২০২৩ - ২৬)

| ক্রমিক নং | পুষ্করিণীর / চাষের জমির নাম | পঞ্চায়েত সমিতি / ব্লকের নাম | গ্রাম পঞ্চায়েতের নাম | সম্পত্তির বিবরণ | ন্যূনতম বাৎসরিক ইজারা মূল্য ব্যাঙ্ক ড্রাফ্ট-এর মাধ্যমে নিয়ে আসতে হবে | ইজারার মেয়াদ | আবেদনপত্র জমা দেওয়া শেষ তারিখ ও স্থান | পুনর্নিলামের তারিখ | পুনর্নিলামের সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২২ | হরিণবাড়ী ট্যাঙ্ক | সাগর | হরিণবাড়ী | মৌজা - হরিণবাড়ী, জে.এল. নং - ৩১, খতিয়ান নং - ৪৯১, ৪৯২ (আর.এস) , দাগ নং- ২০১ - ২০৪, পরিমান - ১.৭০ একর | ৭৩৩৩ টাকা | ০১/০৫/২০২৩ হইতে ৩১/০৩/২০২৬ পর্যন্ত | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |
| ২৩ | কালাবরু ল্যান্ড | বারুইপুর | হাড়দহ | মৌজা - কালাবরু, জে.এল. নং - ১১৪, খতিয়ান নং - ১০০৩ (আর.এস), দাগ নং- ৪৩৮, পরিমান - ০.১১ একর | ১৩৩৬৫ টাকা | | ১৭/০৪/২০২৩ তারিখে বেলা ১২টার মধ্যে, সচিব মহাশয়ের কক্ষের ড্রপ বক্সে। | ১৭/০৪/২০২৩ | বেলা ২ টায় |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ